

**প্রস্তাবিত ও বিদ্যমান বহুতল আবাসিক/শিল্প/বাণিজ্যিক ভবনের ফায়ার সেফটি প্লান ও**  
**অনাপত্তি পত্রের ধারাবাহিক (Flowchart) ফ্লোচার্ট**

- ১। অনলাইনে আবেদন (প্রস্তাবিত/বিদ্যমান) করতে হবে।
- ২। অধিদপ্তর কর্তৃক পরিদর্শন কমিটি গঠন করা হবে।
- ৩। পরিদর্শন কমিটি কর্তৃক সরজমিনে ভবন/প্রতিষ্ঠান পরিদর্শন করে অধিদপ্তরে রিপোর্ট প্রদান করবেন।
- ৪। প্রতিষ্ঠান কর্তৃক নিম্নোক্ত কাগজপত্র ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়ান স্টপ সার্ভিস সেন্টারে জমা করতে হবে:
  - ক. প্রস্তাবিত প্লটের মালিকানা সংক্রান্ত দলিলাদি।
  - খ. আমমোক্তার হলে আমমোক্তারনামার দলিল।
  - গ. লে-আউট প্লান/সাইট প্লান।
  - ঘ. গুগল ম্যাপ (প্রস্তাবিত প্লটটি হাইলাইট করতে হবে)।
  - ঙ. ফায়ার ফাইটিং ফ্লোর প্লান/নক্সা (০৪ সেট বই আকারে)।
  - চ. ফায়ার ফাইটিং ফ্লোর প্লান/নক্সা প্রস্তুতকারী প্রকৌশলী/স্থপতির মেম্বারশিপ সনদের ফটোকপি।
  - ছ. সিটি কর্পোরেশন/পৌরসভার নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রস্তাবিত প্লটটির সম্মুখ রাস্তার প্রশস্ততা বিষয়ক প্রত্যয়ন
  - জ. সিটি কর্পোরেশন/পৌরসভা/উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক ভূমি ব্যবহার ছাড়পত্র।( প্রস্তাবিত ভবনের ক্ষেত্রে)
  - ঝ. বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC-2020) এবং “অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন ২০০৩” মেনে ভবন নির্মাণ করা হবে মর্মে ৩০০ টাকার ষ্ট্যাম্প অঙ্গিকারনামা
  - ঞ. ফার্ম কর্তৃক প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে।
  - ট. বিদ্যমান ভবনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নকশার প্লানের ফটোকপি।
  - ঠ. প্রস্তাবিত ভবনের ক্ষেত্রে ভবনের শ্রেণী অনুযায়ী ভূমি উন্নয়ন কর পরিশোধিত রশিদের কপি।
- ৫। অধিদপ্তর কর্তৃক মনোনীত স্থায়ী কমিটি কর্তৃক সকল কাগজপত্র, নকশা ও রিপোর্ট যাচাই বাছাই করা হবে।
- ৬। অনুমোদিত ফায়ার সেফটি প্লান ও অনাপত্তি সনদ পত্র (এনওসি) গ্রহন করার পূর্বে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অর্থনৈতিক কোড নং- ১-৭৩৬১-০০০০-২০০৯ (অটোমেশন চালান সিস্টেম-১৬১০৩-১৪২২৩২৭ অগ্নি নির্বাপন সেবা ফি এর অনুকূলে) আবাসিক ভবনের ক্ষেত্রে প্রতি বর্গফুট ফ্লোর এরিয়ার জন্য ৩০(ত্রিশ) পয়সা, বাণিজ্যিক/শিল্প ভবনের ক্ষেত্রে প্রতি বর্গফুট ফ্লোর এরিয়ার জন্য ৫০(পঞ্চাশ) পয়সা হারে জমা করতে হবে।
- ৭। অনুমোদিত ফায়ার সেফটি প্লান সংগ্রহ কালীন চালান জমাদান পূর্বক সংগ্রহ করতে হবে এবং অননুমোদিত সেফটি প্লান বিষয়ে পত্র মারফত অবহিত করা হবে।

(উপরিউক্ত বিষয়ে আরো কোনো তথ্যের প্রয়োজনে যোগাযোগের নম্বর: ০১৯০১-০২০০৯৫;

শুধু অফিস দিবসে সকাল ৯:০০ থেকে বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত)